বিবিএ (বাংলা) প্রোগ্রাম, বাউবি

# শিক্ষার্থী নির্দেশিকা

# Student Guide

## বিবিএ (বাংলা) প্রোগ্রাম
**BBA (Bangla) Programme**

**পাণ্ডুলিপি সংগ্রহ ও রচনায়**
**ড. মোহাম্মদ জাফর আহাম্মদ**

**সম্পাদনায়**
**কাজী শারমিন পামেলা**

ওপেন স্কুল

**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**

# বিবিএ (বাংলা) প্রোগ্রাম

# শিক্ষার্থী নির্দেশিকা

## Student Guide

**প্রকাশ**
অনলাইন প্রকাশ : মার্চ, ২০২৩

**প্রচ্ছদ**
কাজী সাইফুদ্দীন আব্বাস

**কম্পিউটার কম্পোজ**
মোঃ সিদ্দিকুল ইসলাম

**প্রচছদ গ্রাফিক্স**
আবদুল মালেক

**© ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**
**টেলিফোন: ৯২৯১১০৯**
**ফ্যাক্স: ৯২৯১১০১-৪, পি.এ. বি.এক্স-৩১২**

**মুদ্রণ :**

**প্রকাশনায়**
প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫ ।

বিবিএ (বাংলা) প্রোগ্রাম, বাউবি

## শিক্ষার্থী নির্দেশিকা

**১. প্রোগ্রাম কাঠামো:**

সমাজ ও ব্যবসায়ে বিদ্যমান প্রতিনিয়ত জনবলের চাহিদার নিরিখে বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের শিক্ষাক্রম ও সিলেবাস প্রণয়ন করা হয়েছে। প্রোগ্রাম পরিচালনায় গুণগত মান বজায় রাখার ব্যাপারে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে যা প্রতিযোগিতামূলক পরিবেশে কর্মীর চাহিদা ও যোগানের মধ্যে একটি ভারসাম্য প্রদান করবে। ৪ বছর মেয়াদি (৬ মাস করে মোট ৮টি সেমিস্টার) বিবিএ প্রোগ্রামের ১২০ ক্রেডিটের মধ্যে, ৩ ক্রেডিটের ইন্টার্ণশিপ ও মৌখিক পরীক্ষার ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও শিক্ষার্থীর নিজস্ব লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে মিল রেখে ৮ম সেমিস্টারে Major Subject (Management, Human Resource Management, Marketing, Accounting, Finance, and Management Information System) নির্বাচন করার সুযোগ রয়েছে। একজন শিক্ষার্থীকে ১২০ ক্রেডিট শেষ করার জন্য মোট ৪০টি কোর্স সম্পন্ন করতে হবে। প্রতিটি কোর্স তত্ত্বীয় ৪০ নম্বর, এ্যাসাইনমেন্ট ২টি ২০ নম্বর, ক্লাস টেস্ট/পাঠ মূল্যায়ন ২০ নম্বর এবং মৌখিক পরীক্ষা ২০ নম্বর আকারে মূল্যায়িত হবে। কোর্সের এ্যাসাইনমেন্ট, ক্লাস টেস্ট/পাঠ মূল্যায়ন, মৌখিক পরীক্ষা কোর্স টিউটর গ্রহণ/মূল্যায়ন করবেন। এ্যাসাইনমেন্টের প্রশ্নপত্র ওপেন স্কুল, বাউবি হতে স্টাডি সেন্টারে সরবরাহ করা হবে।

**২. ভর্তির জন্য আবেদনের প্রক্রিয়া: ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত OSAPS** এর নির্দেশনা মোতাবেক।

**৩. প্রোগ্রামে ভর্তির জন্য নির্বাচন:**

বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামে ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তির আবেদনের জন্য অবশ্যই একাডেমিক রেকর্ডে (নিম্নোক্ত সারণী অনুযায়ী) ৮ পয়েন্টের মধ্যে ন্যূনতম ৫ (পাঁচ) পয়েন্ট থাকতে হবে। এরপর প্রোগ্রামে ভর্তির পূর্বে প্রার্থীকে মৌখিক সাক্ষাৎকার বা লিখিত পরীক্ষা বা ভর্তির আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক (যা ওপেন স্কুল/ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত হবে) বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামে ভর্তি হতে হবে। এতদ্‌সংক্রান্ত যেকোনো বিষয়েই ভর্তিচ্ছু প্রার্থীকে তার ভর্তির আবেদনপত্রে প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

**একাডেমিক রেকর্ডের সারণী**

| পরীক্ষার নাম | প্রথম বিভাগ বা জিপিএ ৩.৫ বা তার উপরে | দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.০০ থেকে ৩.৪৯ পর্যন্ত | তৃতীয় বিভাগ বা জিপিএ ১.০০ থেকে ১.৯৯ পর্যন্ত |
|---|---|---|---|
| এসএসসি/ সমমান | ৪ পয়েন্ট | ৩ পয়েন্ট | ২ পয়েন্ট |
| এইচএসসি/সমমান | ৪ পয়েন্ট | ৩ পয়েন্ট | ২ পয়েন্ট |

**৪. সেমিস্টারভিত্তিক কোর্স ও নম্বর বিভাজন:**

| সেমিস্টার | বিবরণ | মোট নম্বর |
|---|---|---|
| ১ম | ৪টি কোর্স | ৪x১০০ = ৪০০ |
| ২য় | ৫টি কোর্স | ৫x১০০ = ৫০০ |
| ৩য় | ৫টি কোর্স | ৫x১০০ = ৫০০ |

| | | |
|---|---|---|
| ৪র্থ | ৫টি কোর্স | ৫x১০০ = ৫০০ |
| ৫ম | ৫টি কোর্স | ৫x১০০ = ৫০০ |
| ৬ষ্ঠ | ৫টি কোর্স | ৫x১০০ = ৫০০ |
| ৭ম | ৫টি কোর্স | ৫x১০০ = ৫০০ |
| ৮ম | ৬টি কোর্স (মেজর বিষয়ের মোট ৫টি ও ইন্টার্নশিপ ও মৌখিক ১টি) | ৬x১০০ = ৬০০ |
| মোট | ৪০টি কোর্স | ৪০০০ নম্বর |

## ৫. সেমিস্টারভিত্তিক কোর্স বিভাজন:

সেমিস্টার- ১

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| ওএসবিবিএ-১১০১ | ব্যবসায় পরিচিতি<br>Introduction to Business | ৩ |
| ওএসবিবিএ-১১০২ | সাধারণ ইংরেজি<br>General English | ৩ |
| ওএসবিবিএ-১১০৩ | মৌলিক কম্পিউটার শিক্ষা<br>Basic Computer Studies | ৩ |
| ওএসবিবিএ-১১০৪ | হিসাববিজ্ঞান নীতি<br>Principles of Accounting | ৩ |

সেমিস্টার-২

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| ওএসবিবিএ-১২০১ | ব্যবস্থাপনা: তত্ত্ব ও প্রয়োগ<br>Management: Theory and Practice | ৩ |
| ওএসবিবিএ-১২০২ | বাংলাদেশ স্টাডিজ<br>Bangladesh Studies | ৩ |
| ওএসবিবিএ-১২০৩ | ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণে গণিত<br>Mathematics for Managerial Decisions | ৩ |
| ওএসবিবিএ-১২০৪ | ব্যাংক ব্যবস্থাপনা<br>Bank Management | ৩ |
| ওএসবিবিএ-১২০৫ | বিপণন নীতিমালা<br>Principles of Marketing | ৩ |

সেমিস্টার - ৩

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| ওএসবিবিএ-২৩০১ | উচ্চতর হিসাববিজ্ঞান<br>Advanced Accounting | ৩ |
| ওএসবিবিএ-২৩০২ | আর্থিক ব্যবস্থাপনা<br>Financial Management | ৩ |
| ওএসবিবিএ-২৩০৩ | ব্যষ্টিক অর্থনীতি<br>Microeconomics | ৩ |
| ওএসবিবিএ-২৩০৪ | ব্যবসায় পরিসংখ্যান<br>Business Statistics | ৩ |
| ওএসবিবিএ-২৩০৫ | পরিবেশ বিজ্ঞান<br>Environmental Science | ৩ |

সেমিস্টার- ৪

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| ওএসবিবিএ-২৪০১ | শিল্প মনোবিজ্ঞান<br>Industrial Psychology | ৩ |
| ওএসবিবিএ-২৪০২ | ব্যবসায়িক যোগাযোগ<br>Business Communication | ৩ |
| ওএসবিবিএ-২৪০৩ | কর ব্যবস্থা ও নিরীক্ষা শাস্ত্র<br>Taxation and Auditing | ৩ |
| ওএসবিবিএ-২৪০৪ | মানব সম্পদ ব্যবস্থাপনা<br>Human Resource Management | ৩ |
| ওএসবিবিএ-২৪০৫ | বিপণন ব্যবস্থাপনা<br>Marketing Management | ৩ |

# বিবিএ (বাংলা) প্রোগ্রাম, বাউবি

সেমিস্টার - ৫

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| ওএসবিবিএ-৩৫০১ | শিল্পোদ্যোগ উন্নয়ন<br>Entrepreneurship Development | ৩ |
| ওএসবিবিএ-৩৫০২ | সামষ্টিক অর্থনীতি<br>Macroeconomics | ৩ |
| ওএসবিবিএ-৩৫০৩ | তথ্য ব্যবস্থাপনা<br>Management Information System | ৩ |
| ওএসবিবিএ-৩৫০৪ | ই-কমার্স<br>E-commerce | ৩ |
| ওএসবিবিএ-৩৫০৫ | বিপণন প্রসার<br>Marketing Promotion | ৩ |

সেমিস্টার- ৬

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| ওএসবিবিএ-৩৬০১ | শিল্প সম্পর্ক<br>Industrial Relations | ৩ |
| ওএসবিবিএ-৩৬০২ | উৎপাদন ব্যয় এবং ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান<br>Cost and Management Accounting | ৩ |
| ওএসবিবিএ-৩৬০৩ | সার্বিক মান ব্যবস্থাপনা<br>Total Quality Management | ৩ |
| ওএসবিবিএ-৩৬০৪ | সাংগঠনিক আচরণ<br>Organizational Behavior | ৩ |
| ওএসবিবিএ-৩৬০৫ | ব্যবসায় আইন<br>Business Law | ৩ |

সেমিস্টার- ৭

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| ওএসবিবিএ-৪৭০১ | গবেষণা পদ্ধতি<br>Research Methodology | ৩ |
| ওএসবিবিএ-৪৭০২ | বীমা ও ঝুঁকি ব্যবস্থাপনা<br>Insurance and Risk Management | ৩ |
| ওএসবিবিএ-৪৭০৩ | আন্তর্জাতিক ব্যবসায়<br>International Trade | ৩ |
| ওএসবিবিএ-৪৭০৪ | কৌশলিক ব্যবস্থাপনা<br>Strategic Management | ৩ |
| ওএসবিবিএ-৪৭০৫ | কার্য ব্যবস্থাপনা<br>Operations Management | ৩ |

সেমিস্টার- ৮ (Major Area: Management)

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| OSBBA MGT 4801 | তুলনামূলক ব্যবস্থাপনা<br>Comparative Management | ৩ |
| OSBBA MGT 4802 | দ্বন্দ্ব ব্যবস্থাপনা<br>Conflict Management | ৩ |
| OSBBA MGT 4803 | ক্ষুদ্র ব্যবসায় ব্যবস্থাপনা<br>Small Business Management | ৩ |
| OSBBA MGT 4804 | বৈজ্ঞানিক ব্যবস্থাপনা<br>Scientific Management | ৩ |
| OSBBA MGT 4805 | প্রকল্প ব্যবস্থাপনা<br>Project Management | ৩ |
| OSBBA 4831 | ইন্টার্ণশীপ ও মৌখিক<br>Internship and Viva Voce | ৩ |

# বিবিএ (বাংলা) প্রোগ্রাম, বাউবি

সেমিস্টার- ৮ (Major Area: Marketing)

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| OSBBA MKT 4806 | বিপণন গবেষণা<br>Marketing Research | ৩ |
| OSBBA MKT 4807 | কৌশলগত বিপণন<br>Strategic Marketing | ৩ |
| OSBBA MKT 4808 | ব্রান্ড ব্যবস্থাপনা<br>Brand Management | ৩ |
| OSBBA MKT 4809 | সাপ্লাই চেইন ব্যবস্থাপনা<br>Supply Chain Management | ৩ |
| OSBBA MKT 4810 | সেবা বিপণন<br>Services Marketing | ৩ |
| OSBBA 4831 | ইন্টার্ণশীপ ও মৌখিক<br>Internship and Viva Voce | ৩ |

সেমিস্টার- ৮ (Major Area: Human Resource Management)

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| OSBBA HRM 4811 | ক্ষতিপূরণ ব্যবস্থাপনা<br>Compensation Management | ৩ |
| OSBBA HRM 4812 | মানব সম্পদ পরিকল্পনা<br>Human Resource Planning | ৩ |
| OSBBA HRM 4813 | কৌশলিক মানব সম্পদ ব্যবস্থাপনা<br>Strategic Human Resource Management | ৩ |
| OSBBA HRM 4814 | মানব সম্পদ তথ্য ব্যবস্থাপনা<br>Human Resource Information System | ৩ |
| OSBBA HRM 4815 | সাংগঠনিক উন্নয়ন<br>Organizational Development | ৩ |
| OSBBA 4831 | ইন্টার্ণশীপ ও মৌখিক<br>Internship and Viva Voce | ৩ |

সেমিস্টার- ৮ (Major Area: Accounting)

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| OSBBA ACT 4816 | করব্যবস্থা<br>Taxation | ৩ |
| OSBBA ACT 4817 | হিসাববিজ্ঞান তথ্য পদ্ধতি<br>Accounting Information System | ৩ |
| OSBBA ACT 4818 | চলতি মূলধন ব্যবস্থাপনা<br>Working Capital Management | ৩ |
| OSBBA ACT 4819 | হিসাববিজ্ঞান তত্ত্ব<br>Accounting Theory | ৩ |
| OSBBA ACT 4820 | নিরীক্ষা শাস্ত্র<br>Auditing | ৩ |
| OSBBA 4831 | ইন্টার্ণশীপ ও মৌখিক<br>Internship and Viva Voce | ৩ |

সেমিস্টার- ৮ (Major Area: Management Information System)

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| OSBBA MIS 4821 | কাঠামোগত প্রোগ্রামিং<br>Structured Programming | ৩ |
| OSBBA MIS 4822 | সম্পর্কযুক্ত ডেটাবেজ ব্যবস্থাপনা<br>Relation Database Management | ৩ |
| OSBBA MIS 4823 | সিস্টেম এ্যানালাইসিস এন্ড ডিজাইন<br>System Analysis and Decisions | ৩ |
| OSBBA MIS 4824 | ডিসিশন সাপোর্ট সিস্টেম<br>Decision Support Systems | ৩ |
| OSBBA MIS 4825 | ডেটাবেজ সিস্টেম<br>Database Systems | ৩ |
| OSBBA 4831 | ইন্টার্ণশীপ ও মৌখিক পরীক্ষা<br>Internship and Viva Voce | ৩ |

সেমিস্টার- ৮ (Major Area: Finance)

| কোর্স কোড | শিরোনাম | ক্রেডিট |
|---|---|---|
| OSBBA FIN 4826 | ব্যবস্থাপকীয় অর্থায়ন<br>Managerial Finance | ৩ |
| OSBBA FIN 4827 | বিনিয়োগ বিশ্লেষণ এবং পোর্টফোলিও ব্যবস্থাপনা<br>Investment Analysis and Portfolio Management | ৩ |
| OSBBA FIN 4828 | বিনিয়োগ তত্ত্ব<br>Investment Theory | ৩ |
| OSBBA FIN 4829 | কর্পোরেট অর্থায়ন<br>Corporate Finance | ৩ |
| OSBBA FIN 4830 | মূলধন বাজেটিং<br>Capital Budgeting | ৩ |
| OSBBA 4831 | ইন্টার্নশীপ ও মৌখিক পরীক্ষা<br>Internship and Viva Voce | ৩ |

## ৬. প্রতিটি কোর্সের নম্বর বিভাজন:

প্রতিটি কোর্স মোট ১০০ নম্বরের মধ্যে মূল্যায়িত হবে, যার বিভাজন সারণি নিম্নরূপ:

| | বিস্তারিত বিবরণ |
|---|---|
| প্রতিটি কোর্স (ইন্টার্নশিপ ও মৌখিক কোর্স ব্যতিত) | তত্ত্বীয় পরীক্ষা ৪০ নম্বর, ২টি এ্যাসাইনমেন্ট ২০ নম্বর (প্রতিটি ১০ নম্বর করে), ক্লাস টেস্ট/পাঠ মূল্যায়ন ২০ নম্বর এবং মৌখিক পরীক্ষা ২০ নম্বর। |
| ইন্টার্নশিপ ও মৌখিক কোর্স (৮ম সেমিস্টারে) | ইন্টার্নশিপ ৬০ নম্বর ও মৌখিক পরীক্ষা ৪০ নম্বর। |

**নোট:** প্রতিটি কোর্সের পাশ নম্বর ৪০%। অর্থাৎ সেমিস্টার শেষে অনুষ্ঠিত ৪০ নম্বরের তত্ত্বীয় পরীক্ষার পাস মার্কস ১৬ এবং ধারাবাহিক মূল্যায়ন (এ্যাসাইনমেন্ট, ক্লাস টেস্ট ও মৌখিক) ৬০ নম্বরের অংশসমূহে পাস মার্কস ২৪। অর্থাৎ প্রতিটি কোর্সে (তত্ত্বীয় অংশে ১৬ নম্বর + ধারাবাহিক মূল্যায়ন অংশে ২৪ নম্বর) = ৪০ নম্বর পেলেই ঐ কোর্সে শিক্ষার্থী উত্তীর্ণ বলে গণ্য হবেন। প্রতিটি কোর্সের ক্লাস টেস্ট/পাঠ মূল্যায়ন, মৌখিক পরীক্ষা এবং এ্যাসাইনমেন্ট সংশ্লিষ্ট কোর্স টিউটর কর্তৃক পরিচালিত ও মূল্যায়িত হবে (স্কুলের নির্দেশনা মোতাবেক)।

## ৭. কোর্স রেজিস্ট্রেশন ও সেমিস্টার অতিক্রমের শর্ত :

কোনো একটি সেমিস্টারে শিক্ষার্থীকে ন্যূনতম ৩ (তিন) টি কোর্সে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনকৃত কোর্সগুলোর মধ্যে কমপক্ষে ২টি কোর্সের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করলেই শিক্ষার্থী ধারাবাহিক পরবর্তী সেমিস্টারের কোর্স রেজিস্ট্রেশনের যোগ্যতা অর্জন করবেন।

## ৮. সেমিস্টার ভিত্তিক পরীক্ষার নিয়মাবলী:

ভর্তি সম্পন্ন হলে টিউটোরিয়াল ক্লাস শুরু হবে। প্রতি কোর্সে ১৬ (ষোল) টি টিউটোরিয়াল ক্লাস অনুষ্ঠিত হবে। কোর্স টিউটর ১৫তম ক্লাস পর্যন্ত তত্ত্বীয় আলোচনা করবেন এবং ১৬তম ক্লাসে বা দিনে বা সুবিধাজনক সময়ে কোর্সের ক্লাস টেস্ট/পাঠ মূল্যায়ন, মৌখিক পরীক্ষা গ্রহণ করবেন। অতঃপর স্কুল কর্তৃক ঘোষিত রুটিন মোতাবেক সেমিস্টারের চূড়ান্ত তত্ত্বীয় পরীক্ষা অনুষ্ঠিত হবে। সাধারণত সবোর্চ্চ ৬ মাস সময়ের মধ্যে সেমিস্টারের টিউটোরিয়াল সার্ভিস ও পরীক্ষা গ্রহণসহ যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে

হবে। প্রতিটি কোর্সের ৪০ নম্বরের তত্ত্বীয় পরীক্ষা একটানা ২ (দুই) ঘন্টাব্যাপী অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট কোর্স টিউটর কোর্সের ক্লাস টেস্ট/পাঠ মূল্যায়নের নম্বর, মৌখিক পরীক্ষার নম্বর এবং এ্যাসাইনমেন্ট (১ ও ২) এ প্রাপ্ত নম্বর নির্ধারিত ফরমেটে স্কুলের নির্দেশনা মোতাবেক ডাকযোগে বা ইমেইল বা সফটওয়্যার বা এক্সেল শীটে (স্কুলের নির্দেশনা মোতাবেক) পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবর প্রেরণ করবেন এবং এক কপি কেন্দ্রে সংরক্ষণ করবেন।

**৯. পরীক্ষার ভাষা:**

বিবিএ প্রোগ্রামের সকল পাঠ্য বই সাবলীল বাংলা ভাষায় লেখা হয়েছে। শিক্ষার্থী যেকোনো কোর্সের পরীক্ষা বাংলা এবং/অথবা ইংরেজী মাধ্যমে দিতে পারবেন। উল্লেখ্য যে, ব্যবসায় শিক্ষার গাণিতিক সমস্যাগুলো ইংরেজিতে সমাধান করা সুবিধাজনক।

**১০. পুনঃপরীক্ষার পদ্ধতি:**

কোনো কোর্সে শিক্ষার্থী অকৃতকার্য হলে অথবা অসম্পূর্ণ থাকলে নির্ধারিত ফি জমাদান পূর্বক পুনঃপরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এক্ষেত্রে তাকে কোর্সটির তত্ত্বীয়, এ্যাসাইনমেন্ট, ক্লাস টেস্ট ও মৌখিকসহ সর্বমোট ১০০ নম্বরের পরীক্ষায়ই অংশগ্রহণ করতে হবে।

**১১. মান উন্নয়ন পরীক্ষার পদ্ধতি**

শিক্ষার্থীর কোনো কোর্সের চূড়ান্ত ফলাফলে যদি [CGPA C+(C plus)] অর্থাৎ CGPA 2.50 পেতে ব্যর্থ হন, তাহলে সে যে সব কোর্সে CGPA C+(C plus) অর্থাৎ CGPA 2.50 এর নিচে পেয়েছেন সেগুলোতে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে মানউন্নয়ন পরীক্ষা দিতে পারবেন। কোনো একটি কোর্সে সর্বোচ্চ দুইবার মানউন্নয়ন দেওয়ার সুযোগ রয়েছে। শিক্ষার্থীর চূড়ান্ত CGPA নির্ণয় হওয়ার পর কোনো কোর্সে মান উন্নয়ন দেয়ার সুযোগ পাওয়া যাবেনা। মানউন্নয়নের সুযোগ নিবন্ধনের নির্ধারিত সময় ছয় বছরের মধ্যে সীমাবদ্ধ।

**১২. বিবিএ ডিগ্রী অর্জনের শর্ত:**

একজন শিক্ষার্থীকে অবশ্যই-

ক) ৪০টি কোর্স (ইন্টার্নশিপ ও মৌখিকসহ) সম্পন্ন করতে হবে;

খ) ন্যূনতম লেটার গ্রেড সি প্লাস (C+) অর্জন করতে হবে;

গ) সকল কোর্সে উত্তীর্ণ হয়ে ন্যূনতম সিজিপিএ ২.৫০ পেতে হবে।

**১৩. প্রোগ্রামের পাঠ সামগ্রী:**

প্রতিটি কোর্সের জন্য পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে যা সহজ ও সাবলীল ভাষায় সুপরিকল্পিত ও সুনির্দিষ্ট বিষয়বস্তু নিয়ে উপস্থাপন করা হয়েছে। পাঠসামগ্রী কেবল পুস্তকাকারে নয়, ই-বুক হিসেবে (পিডিএফ ফরমেটে) বাউবি'র ওয়েবসাইটেও (www.bou.ac.bd) আপলোড করা আছে। শিক্ষার্থীরা নিজ বিষয়ের ই-বুক ডাউনলোড করেও পড়াশোনা করতে পারবেন। এছাড়াও, BOU Tube (www.boutube.ac.bd) এবং ইউটিউবে অডিও-ভিডিও লেকচার আপলোড করা হয়েছে।

**১৪. বেতার ও টিভি অনুষ্ঠান:**

দূরশিক্ষণে শিক্ষার্থীর পাঠে সহায়তা প্রদানের জন্য বেতার ও টিভি এই দু'টি গণমাধ্যমে নির্ধারিত সময়ে অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা রয়েছে। বাউবির ওয়েব-টিভি ও ওয়েব-রেডিও-তে নিয়মিত অনুষ্ঠান প্রচার করা হয়। শিক্ষার্থীরা এসব সুবিধা গ্রহণ করলে সুফল পাবেন।

**১৫. টিউটোরিয়াল সার্ভিস:**

শিক্ষার্থী প্রতি সেমিস্টারে স্ব-স্ব স্টাডি সেন্টারে প্রতিটি কোর্সের সংশ্লিষ্ট কোর্স টিউটরের কাছ থেকে **১৬**টি টিউটোরিয়াল ক্লাস ও অন্যান্য একাডেমিক সুযোগ সুবিধা পাবেন। ক্লাস শুরুর সময়সূচি সংশ্লিষ্ট স্টাডি সেন্টার থেকে জেনে নিতে হবে। টিউটোরিয়াল ক্লাসে শিক্ষকবৃন্দ পাঠ্যপুস্তকের অপেক্ষাকৃত কঠিন অংশ নিয়ে আলোচনা করবেন।

**১৬. টিউটোরিয়াল ক্লাসে শিক্ষার্থীদের করণীয়:**

কার্যকর শিক্ষার উদ্দেশ্যে একটি আন্তরিক পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষার্থীগণ টিউটোরিয়াল ক্লাসে নিম্নলিখিত কাজগুলো করবেন:

**ক. প্রথম টিউটোরিয়াল ক্লাসে করণীয়:** কোর্স টিউটরের সঙ্গে পরিচিত হবেন; নিজের পরিচয় দিবেন ও অন্যান্য শিক্ষার্থীর সঙ্গে পরিচিত হবেন; কিভাবে শিক্ষাগ্রহণ করবেন তা নিয়ে টিউটরের সঙ্গে পরামর্শ করবেন; টিউটরের পরামর্শ ও নির্দেশনা মেনে চলবেন; একাডেমিক সমস্যা থাকলে তার জন্য টিউটরের নিকট ও প্রশাসনিক সমস্যা থাকলে তার জন্য স্টাডি সেন্টারের সমন্বয়কারীর নিকট থেকে নির্দেশনা জেনে নেবেন; পরবর্তী ক্লাসে কি আলোচনা হবে তা টিউটরদের সঙ্গে আলোচনা সাপেক্ষে স্থির করবেন; পাঠসামগ্রী সম্পর্কে প্রাথমিক ধারণা টিউটরদের নিকট থেকে লাভ করবেন; বাড়ির কোনো কাজ থাকবে কিনা তা জেনে নেবেন। এক্ষেত্রে শিক্ষার্থীরা অনলাইন প্ল্যাটফর্মে গ্রুপ খুলে নিজেদের মধ্যে একাডেমিক তথ্য আদান প্রদান করতে পারেন।

**খ. শেষ টিউটোরিয়াল ক্লাসে করণীয়:** পরীক্ষার স্থান ও সময় সম্পর্কে জেনে নেবেন; পরীক্ষার খাতায় লেখার পদ্ধতি ভালভাবে জেনে নেবেন; পরীক্ষার নিয়মনীতি জেনে নিবেন; সর্বশেষ প্রদত্ত বাড়ির কাজ শিক্ষকের নিকট জমা দেবেন (যদি দেওয়া হয়) ও প্রয়োজনীয় নির্দেশনা জেনে নেবেন; পূর্ব পাঠের গুরুত্বপূর্ণ অংশের উপর আলোচনা করে অপেক্ষাকৃত কঠিন অংশের সমাধান চেয়ে নেবেন; টিএমএ জমা দেয়া নিশ্চিত করবেন।

**গ. অন্যান্য টিউটোরিয়াল ক্লাসে করণীয়:** প্রদত্ত পাঠ থেকে প্রশ্ন করবেন ও উত্তর জেনে নিবেন; বাড়ির কাজ (যদি থাকে) জমা দিবেন ও আগামী দিনের জন্য বাড়ির কাজ নিবেন; নির্দিষ্ট পাঠ থেকে আপনার সমস্যা টিউটরদের অবহিত করবেন ও সমাধান জেনে নিবেন; সমস্যা নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করবেন ও সমাধানের উপায় বের করবেন, যথা সময়ে এ্যাসাইনমেন্ট জমা দিবেন, কোর্সের মৌখিক পরীক্ষা সম্পর্কে অবহিত হবেন এবং সেমিস্টার ফিসহ অন্যান্য ফি জমা দানের তারিখ জেনে নিবেন। প্রোগ্রাম সংশ্লিষ্ট অন্যান্য তথ্যের জন্য বাউবি'র ওয়েবসাইট (www.bou.ac.bd) সময়মতো ব্রাউজ করবেন।